

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, সেপ্টেম্বর ১৭, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ০১ আশ্বিন ১৪২৬/১৬ সেপ্টেম্বর ২০১৯

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৯.২৭০—গত ০৭ সেপ্টেম্বর ২০১৯ তারিখে স্কটল্যান্ডের ডান্ডির ফোর্টহিলে অনুষ্ঠিত নারী টি-টোয়েন্টি বিশ্বকাপের বাছাইপর্বের ফাইনাল খেলায় বাংলাদেশ জাতীয় নারী ক্রিকেট দল থাইল্যান্ডের নারী ক্রিকেট দলকে ৭০ রানে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে। এর ফলে আগামী ২০২০ সালে অস্ট্রেলিয়ায় অনুষ্ঠিত নারী টি-টোয়েন্টি বিশ্বকাপের মূল পর্বে গ্রুপ এ-তে অস্ট্রেলিয়া, ভারত, নিউজিল্যান্ড ও শ্রীলংকার সঙ্গে খেলার যোগ্যতা অর্জন করেছে বাংলাদেশ নারী ক্রিকেট দল।

২। বাংলাদেশ জাতীয় নারী ক্রিকেট দলের এ অনন্য সাফল্যে সকল খেলোয়াড়, কোচ, কর্মকর্তা ও বাংলাদেশ ক্রিকেট বোর্ডের সকলকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে এবং নিরলস অনুশীলনের মাধ্যমে বাংলাদেশ আগামীতেও আরও ভালো ফলাফল অর্জন করে জাতিকে গৌরবান্বিত করবে মর্মে দৃঢ় প্রত্যাশা ব্যক্ত করে মন্ত্রিসভার ২৫ ভাদ্র ১৪২৬/০৯ সেপ্টেম্বর ২০১৯ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোহাম্মদ শফিউল আলম  
মন্ত্রিপরিষদ সচিব

( ২২২৫৯ )  
মূল্য : টাকা ৪.০০

## মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

২৫ ভাদ্র ১৪২৬  
ঢাকা : ০৯ সেপ্টেম্বর ২০১৯

গত ০৭ সেপ্টেম্বর ২০১৯ তারিখে স্কটল্যান্ডের ডান্ডির ফোর্টহিলে অনুষ্ঠিত নারী টি-টোয়েন্টি বিশ্বকাপের বাছাইপর্বের ফাইনাল খেলায় বাংলাদেশ জাতীয় নারী ক্রিকেট দল থাইল্যান্ডের নারী ক্রিকেট দলকে ৭০ রানে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে। এর ফলে আগামী ২০২০ সালে অস্ট্রেলিয়ায় অনুষ্ঠিত নারী টি-টোয়েন্টি বিশ্বকাপের মূল পর্বে গুপ এ-তে অস্ট্রেলিয়া, ভারত, নিউজিল্যান্ড ও শ্রীলংকার সঙ্গে খেলার যোগ্যতা অর্জন করেছে বাংলাদেশ নারী ক্রিকেট দল। এ নিয়ে বাংলাদেশ নারী ক্রিকেট দল চতুর্থবারের মতো নারী টি-টোয়েন্টি বিশ্বকাপের মূল পর্বে খেলার যোগ্যতা অর্জন করল।

চতুর্থবারের মতো নারী টি-টোয়েন্টি বিশ্বকাপে খেলার যোগ্যতা অর্জন বাংলাদেশের নারী ক্রিকেট দলের এক অসাধারণ সাফল্য। উল্লেখ্য যে, ইতঃপূর্বে বাংলাদেশ নারী ক্রিকেট দল গত ১০ জুন ২০১৮ তারিখে মালয়েশিয়ার কুয়ালালামপুরে অনুষ্ঠিত মেয়েদের এশিয়া কাপ টি-টোয়েন্টি ২০১৮-তে অপরাধিত চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

মন্ত্রিসভা মনে করে যে এ বিজয় দেশে খেলাধুলার অব্যাহত উন্নয়নের মাধ্যমে নারীর ক্ষমতায়নে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকারের গৃহীত বিভিন্ন কর্মসূচির ফলপ্রসূতার পরিচায়ক। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার নারী খেলোয়াড়দের সুযোগ-সুবিধা নিশ্চিত করতে বহুমুখী কার্যকর পদক্ষেপ গ্রহণ করেছে। মন্ত্রিসভা আশা করে যে এই বিজয় বাংলাদেশ নারী ক্রিকেট দলকে আরও আত্মবিশ্বাসী করে তুলবে এবং নারী টি-টোয়েন্টি বিশ্বকাপের মূল পর্বে কাঙ্ক্ষিত ফলাফল বয়ে আনার অনুপ্রেরণা যোগাবে।

মন্ত্রিসভা বাংলাদেশ জাতীয় নারী ক্রিকেট দলের এ অনন্য সাফল্যে সকল খেলোয়াড়, কোচ, কর্মকর্তা ও বাংলাদেশ ক্রিকেট বোর্ডের সকলকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছে এবং নিরলস অনুশীলনের মাধ্যমে বাংলাদেশ আগামীতেও আরও ভালো ফলাফল অর্জন করে জাতিকে গৌরবান্বিত করবে মর্মে দৃঢ় প্রত্যাশা ব্যক্ত করেছে।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd